

আম্মায় বিশ্বে প্রতিদিন  
নির্ভরতা আর পথচন্দায়  
স্বপ্নের ঠিকানা

**Captain**  
BAKEOLOGY

পযোগিনে: ০১৭৩৮-১১০৩৮৫

# দৈনিক যুগের আলো

আমরা মানবতার পক্ষে

৮ পৃষ্ঠা মূল্য ৬ টাকা

প্রতিষ্ঠাতা: আলহাজ্ব রহিম উদ্দিন ভরসা  
উত্তরাঞ্চলের সর্বাধিক প্রচারিত প্রথম শ্রেণির বাংলা দৈনিক

কাঁকন জু  
আমাদের সিয়াম ও  
“সুদে মোবারক”

আবু নাইম মোহিবুল্লাহ  
বাবা তুমি এই দিনে আমাদের হৃদয়ে ছিলে,  
আশা করি, আজ তুমি আল্লাহর মোহাব্বতে রয়েছ,  
চিরস্থায়ী নিরাপদে।

our facebook page: kakonjewellers  
০১৭১৪-১০৬০৫২, ০১৭৯৩-৮৯২৪৮১  
দেবদ্যানবাড়ী বোড, রংপুর।



২৪ মে মুক্তি পাচ্ছে  
ফারিণের 'ফাতিমা'  
বিনোদন পৃষ্ঠা-৬

বজ্রপাতে প্রাণহানি: পরিকল্পিত  
উদ্যোগ জরুরি  
সম্পাদকীয় পৃষ্ঠা-৪



বেসামরিক নাগরিকদের রাফাহ  
থেকে সরে যাওয়ার নির্দেশ  
আন্তর্জাতিক পৃষ্ঠা-৫



বিশ্বকাপে সস্তাসী হামলার হুমকি  
যা বললো আইসিসি  
খেলার খবর পৃষ্ঠা-৬

মঙ্গলবার ০৭ মে ২০২৪, ২৪ বৈশাখ ১৪৩১, ২৭ শাওয়াল ১৪৪৫ রেজি: রাজ: ১০৩, ৩২তম বর্ষ, ২২৩ সংখ্যা, রংপুর।

**১ নজরে**  
প্রাথমিকের শিক্ষা  
কার্যক্রম চালু  
হচ্ছে আজ

এফএনএস: তাপপ্রবাহের কারণে বন্ধ থাকা প্রাথমিক স্তরের সব শিক্ষাপ্রতিষ্ঠানের কার্যক্রম আজ মঙ্গলবার থেকে চলবে বলে জানিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। গতকাল সোমবার প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ তথ্য কর্মকর্তা মাহবুবুর রহমান ডুহিন এ তথ্য জানান। তিনি জানান, মঙ্গলবার থেকে সব সরকারি প্রাথমিক বিদ্যালয়, পিও কল্যাণ ট্রাস্টের প্রাথমিক বিদ্যালয় ও উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর লার্নিং সেন্টারগুলোর শ্রেণি কার্যক্রমসহ সব কার্যক্রম ২০২৪ শিক্ষাবর্ষের বর্ষপঞ্জি অনুযায়ী চলবে। প্রাক-প্রাথমিক স্তরের শিক্ষা কার্যক্রমও মঙ্গলবার থেকে চলবে বলে জানান মাহবুবুর রহমান। স্কুলের ছুটির পর গত ২১ এপ্রিল শিক্ষাপ্রতিষ্ঠান খোলার কথা থাকলেও তা পিছিয়ে ২৮ এপ্রিল খোলা হয়। তাপপ্রবাহের কারণে কয়েক দফা বন্ধ রাখা হয় শিক্ষাপ্রতিষ্ঠান। সবশেষ ২ মে পর্যন্ত বন্ধ রাখা হয় প্রাথমিক বিদ্যালয়।

## নিয়োগ বিজ্ঞপ্তি

উত্তর বাংলা কলেজ, (কাকিনা, কালীগঞ্জ, লালমনিরহাট) এর গণিত বিভাগের জন্য একজন খসড়া কালীন প্রভাষক (নন এমপিও) আবশ্যিক। সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীরা আবেদন করতে পারবেন। প্রার্থীদের পাওয়ার পয়েন্টে ক্লাস কনটেন্ট তৈরি করে মাল্টিমিডিয়া প্রজেক্টর ও স্মার্ট বোর্ডে ক্লাস নেয়ার দক্ষতা থাকতে হবে। আগ্রহী প্রার্থীদের বিজ্ঞপ্তি প্রকাশের সাত দিনের মধ্যে অধ্যক্ষ বরাবর আবেদন দাখিল করতে হবে। তিন কপি পাসপোর্ট সাইজের ছবি, প্রার্থীর জীবন বৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের ফটোকপি ও সোনালী ব্যাংক কাকিনা, কালীগঞ্জ, লালমনিরহাট শাখার অনুকূলে এক হাজার টাকার ব্যাংক ড্রাফট আবেদনপত্রের সাথে জমা দিতে হবে। এনটিআরসিএ সনদধারীরা অগ্রাধিকার পাবেন। বেতন ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা আলোচনা সাপেক্ষ।

অধ্যক্ষ, উত্তর বাংলা কলেজ  
কাকিনা, কালীগঞ্জ, লালমনিরহাট  
সি-৪৪৮/২০২৪

## মাসে ভারত হয়ে বাংলাদেশের গাক রঞ্জানি বেড়েছে সাত গুণ

বিমানবন্দর হয়ে বাংলাদেশ থেকে রঞ্জানি বেড়েছে। এতে বিমানবন্দরে লেগে যাচ্ছে। জানুয়ারি থেকে মার্চ বন্দর দিয়ে প্রায় ৯০ হাজার মেট্রিক টন হয়েছে-যার ৯ শতাংশই বাংলাদেশের পরিমাণ ছিল দুই শতাংশেরও কম। এপ্রিল থেকে ডিসেম্বর পর্যন্ত দিল্লি ২৬০ হাজার টন পণ্য রঞ্জানি হয়েছে। গাদেশি পণ্য, বিশেষ করে তৈরি ছিল মাত্র পাঁচ হাজার কিলোগ্রাম, যা ম। তবে এ বছরের প্রথম তিন মাসে, ঠেকে মার্চ পর্যন্ত দিল্লি বিমানবন্দর দিয়ে মট্রিক টন পণ্য রঞ্জানি করা হয়েছে-যার নয় শতাংশই বাংলাদেশের পণ্য। বাংলাদেশ থেকে দিল্লির মাধ্যমে তৈরি পোশাক রঞ্জানি শুরু হয় গত বছর ফেব্রুয়ারি মাস থেকে। তার আগে বাংলাদেশি গার্মেন্টসের একটা অংশ রঞ্জানি করা হত কলকাতা বিমানবন্দর দিয়ে। আগে ঢাকা থেকে সড়ক পথে কলকাতায় এসে এখান থেকে বিমানে বা জাহাজে বাংলাদেশি গার্মেন্টস রঞ্জানি করা হত। এখন কাতার বা এমিরেটসের মতো বিমান সংস্থা কার্গো বিমান কলকাতায় পঠানো বন্ধ করে দিয়েছে। অন্যদিকে, দিল্লি অনেক বড় বিমানবন্দর, সেখানে সব বিমান সংস্থার পণ্যবাহী বিমানই আসে, ব্যবস্থাপনাও ভাল সেখানে। তাই বাংলাদেশি সংস্থাতো দিল্লি চলে যায়। দিল্লি বিমানবন্দরের রঞ্জানি এজেন্ট নাম ২ এর পাতা ২ ক:

১৪ দিনে হিট  
স্ট্রোকে মৃত্যু ১৫  
-স্বাস্থ্য অধিদপ্তর